

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৮০

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - পানীয় দ্রব্যের বর্ণনা

আরবী

وَعَنْهُ قَالَ: نَهِيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الشُّرْبِ مِنْ ثُلْمَةِ الْقَدْحِ وَأَنْ يُنْفَخَ فِي الشَّرَابِ. رَوَاهُ أَبُو دَاوُدٍ

বাংলা

৪২৮০-[১৮] উক্ত রাবী [আবু সাইদ আল খুদরী (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পেয়ালার ছিদ্র দিয়ে পান করতে এবং পানীয় বস্তে ফুঁ দিতে নিষেধ করেছেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ৩৭২২, সিলসিলাতুস্স সহীহাহ ৩৮৭, তাহকীক মুসনাদে আহমাদ ১১৭৭৭, সহীহ ইবনু হিব্রান ৫৩১৫ শু'আবুল ঈমান ৬০১৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১১৬, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৫৫৯০, সহীভুল জামি' ৬৮৮৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ পেয়ালার ছিদ্র দিয়ে পান করার নিষেধের কারণ হলো পান করার সময় পানি পড়বে এবং পানির ফোটা মুখে এবং শরীরে পড়বে। কেননা ভাঙ্গা বা ছিদ্র পেয়ালায় ঠোঁট শক্তভাবে আঁকড়িয়ে ধরে রাখতে পারে না।

কারও মতে, ছিদ্রের স্থানটিতে শয়তানের বসার স্থান।

হতে পারে ছিদ্রের স্থানটি অপরিক্ষার থাকে ভালো করে পরিক্ষার করলেও, ফলে পান করাটা অপরিক্ষার অবস্থায় হয়। (আওনুল মাবুদ ৬ষ্ঠ খন্দ, হাঃ ৩৭১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75003>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন